# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৬২

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - হিসাব-নিকাশ, প্রতিশোধ গ্রহণ ও মীযানের বর্ণনা

## اَلْفصْلُ الثَّالِثُ (باب الحساب و القصاص و الميزان)

আরবী

وَعَنْهَا قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ فِي بَعْضِ صَلَاتِهِ: اللَّهُمَّ حَاسِبْنِي حِسَابًا يَسِيرًا قُلْتُ: يَا نَبِيَّ اللَّهِ مَا الْحِسَابُ الْيَسِيرُ؟ قَالَ: «أَنْ يَنْظُرَ فِي كِتَابه فيتجاوز عَنْهُ إِنَّهُ مَنْ نُوقِشَ الْحِسَابَ يَوْمَئِذٍ يَا عَائِشَة هلك» . رَوَاهُ أَحْمد

اسناده حسن ، رواه احمد (6 / 48 ح 24719) [و صححه الحاکم (1 / 57) و وافقه الذھبی] و اصله متفق علیه (البخاری : 103 ، مسلم : 2876)، (7225) ـ
(صَحِيح)

বাংলা

৫৫৬২-[১৪] উক্ত রাবী ['আয়িশাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, আমি কোন কোন সালাতে রাসূলুল্লাহ (সা.) এ-কে বলতে শুনেছি, [রাসূল (সা.) বলতেন]। (اللَّهُمَّ حَاسِبْنِي حِسَابًا يَسِيرًا) (হে আল্লাহ! আমার নিকট থেকে সহজ হিসাব নিও) আমি বললাম, হে আল্লাহর নবী! সহজ হিসাব কি? তিনি (সা.) বললেন, আল্লাহ তার বান্দার ’আমলনামার প্রতি দৃষ্টিদান মাত্র, অতঃপর তিনি তাকে ক্ষমা করে দিবেন। হে ’আয়িশাহ্! জেনে রাখ, সেদিন যার হিসাবে যাচাই-বাছাই করা হবে, সে নিঃসন্দেহে ধ্বংস হবে। (আহমাদ)

ফুটনোট

হাসান: মুসনাদে আহমাদ ২৪২৬১, য'ঈফ আবূ দাউদ-এর আলোচনায় ৫৫৭নং, সহীহ ইবনু খুযায়মাহ ৮৪৯, সহীহ ইবনু হিব্বান ৭৩৭২, শু’আবূল ঈমান ২৭০, আল মু'জামুল আওসাত্ব ৩৬৪৯, আল মুসতাদরাক লিল হাকিম ৮৭২৭।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَقُولُ فِي بَعْضِ صَلَاتِهِ) এটা ফরয সালাতে অথবা নফল সালাতে হতে পারে। দাঁড়ানোর কোন অংশে বা রুকূ'র মধ্যে অথবা রুকূ থেকে উঠার মধ্যে অথবা সিজদাতে বা সিজদাহ থেকে উঠে বসার মধ্যে বলতেন। (اللَّهُمَّ حَاسِبْنِي حِسَابًا يَسِيرًا) এটা হয়তোবা উম্মতকে শিক্ষা দেয়ার জন্য এবং গাফলতি থেকে সতর্ক করার জন্য। (الْمُنَاقَشَةُ) অর্থ তদন্ত করা বা খতিয়ে দেখা। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85540

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন